# খসড়া সার (ব্যবস্থাপনা) বিধিমালা ২০২৩ (০৭.০২.২০২৩ তারিখের সভার মতামতসহ)

১। বিধিমালার নাম : এই বিধিমালা সার (ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা : বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) "আইন" অর্থ সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬; সার (ব্যবস্থাপনা) (সংশোধন) আইন, ২০০৯ এবং সার (ব্যবস্থাপনা) (সংশোধন) আইন, ২০১৮;

(খ) "অনুমোদিত" অর্থ সরকার কর্তৃক অনুমোদিত;

(গ) "আপিল কর্তৃপক্ষ" অর্থ এই বিধিমালার বিধি-৫ এ বর্ণিত আপিল কর্তৃপক্ষ;

(ঘ) "নিবন্ধন কর্তৃপক্ষ" অর্থ এই বিধিমালার বিধি-৫ এ বর্ণিত নিবন্ধন কর্তৃপক্ষ;

(ঙ) "তফসিল" অর্থ এই বিধিমালার অন্তর্ভুক্ত তফসিল;

(চ) "নির্ধারিত ফরম" অর্থ এই বিধিমালার অন্তর্ভুক্ত ফরম;

(ছ) "উৎপাদন" অর্থ দেশের অভ্যন্তরে কারখানা স্থাপন করিয়া সার বা সার জাতীয় দ্রব্য উৎপাদন;

(জ) "আমদানি" অর্থ সরকারি বিধি নিষেধ ধারা বারিত নয় এমন কোন দেশ হইতে সরকার কর্তৃক অনুমোদিত সার বা সার জাতীয় দ্রব্য আনয়ন;

(ঝ) "পরিবেশক" অর্থ আমদানীকারক, উৎপাদনকারী তাহার সংরক্ষিত সার বা সার জাতীয় দ্রব্য দ্বিতীয় পক্ষের সহিত পারস্পরিক চুক্তির মাধ্যমে বাজারজাতকরণের জন্য নিয়োজিত ব্যক্তি/প্রতিষ্ঠানকে বুঝাইবে;

(ঞ) "বিএআরসি" অর্থ "Bangladesh Agricultural Research Council (BARC)"যাহা কৃষি মন্ত্রণালয়াধীন স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বাংলায় যাহার নাম হইতেছে "বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল";

(ট) "ডিএই" অর্থ "Department of Agricultural Extension" (DAE) যাহা কৃষি মন্ত্রণালয়াধীন প্রতিষ্ঠান বাংলায় যাহার নাম হইতেছে "কৃষি সম্প্রসারণ অধিদপ্তর";

(ঠ) "বিএডিসি" অর্থ "Bangladesh Agricultural Development Corporation" (BADC) যাহা কৃষি মন্ত্রণালয়াধীন স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বাংলায় যাহার নাম হইতেছে "বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন";

(ড) "বিসিআইসি" অর্থ "Bangladesh Chemical Industries Corporation" (BCIC) যাহা শিল্প মন্ত্রণালয়াধীন একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান যাহার বাংলা নাম হইতেছে "বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন";

(ঢ) "ক্ষুদ্র উদ্যোক্তা" অর্থ কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের সর্বাধিক পাঁচ (৫) লক্ষ টাকা (ভূমি ও ঘর ব্যতীত) জৈব সার উৎপাদন ব্যবসায় বিনিয়োগ করা আছে বা করার সামর্থ্য আছে, উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে ক্ষুদ্র উদ্যোক্তা হিসাবে গণ্য করা হইবে; (তবে সরকার কর্তৃক অন্য কোন আইন বা বিধিতে ভিন্ন কিছু থাকিলে তাহাই প্রযোজ্য হইবে);

(ণ) "উপযুক্ত কর্তৃপক্ষ" অর্থ কৃষি মন্ত্রণালয় অথবা কৃষি মন্ত্রণালয় কর্তৃক ক্ষমতা প্রাপ্ত কোন কর্তৃপক্ষ;

(ত) "কমিটি" অর্থ বিধি ৩ এর অধীন গঠিত কমিটিসমূহ;

(থ) "উদ্ভিদ বৃদ্ধি নিয়ন্ত্রক (Plant Growth Regulator-PGR)" অর্থ যে সকল হরমোন উদ্ভিদ বা উদ্ভিদের অংশ বিশেষের বৃদ্ধি নিয়ন্ত্রণে বা উদ্দীপনকরণে সহায়তা করে;

(দ) "আবশ্যকীয় উদ্ভিদ পুষ্টি উপাদান" অর্থ বিধি ১৭ এর অধীন যে কোন এক বা একাধিক উপাদান - (১) নাইট্রোজেন, (২) ফসফরাস, (৩) পটাসিয়াম, (৪) সালফার, (৫) ক্যালসিয়াম, (৬) ম্যাগনেসিয়াম, (৭) জিংক, (৮) বোরন, (৯) আয়রন, (১০) ম্যাংগানিজ, (১১) কপার, (১২) মলিবডেনাম, (১৩) ক্লোরিন।

(ধ) "জীবাণু সার বা Bio-fertilizer" অর্থ জীবাণু (Microbes) ভিত্তিক সার, যাহা বাতাসের নাইট্রোজেন সংবন্ধন বা মাটির অদ্রবণীয় ফসফরাস ও অন্যান্য পুষ্টি উপাদান দ্রবীভূতকরণপূর্বক উদ্ভিদের পুষ্টি উপাদান সরবরাহের মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করে;

(ন) "নিশ্চয়তা বিশ্লেষণ বা Guaranteed Analysis" অর্থ সংশ্লিষ্ট সারের উপাদান হিসেবে স্বীকৃত সকল আবশ্যকীয় উদ্ভিদ পুষ্টি উপাদানের নিম্নতম শতকরা হার বিদ্যমান থাকার উল্লেখ;

(প) "নীট ওজন বা Net Weight" অর্থ সারের বস্তা, আধার বা কন্টেইনারের ওজন ব্যতীত সারের ওজন;

(ফ) “পরিদর্শক” অর্থ বিধি ১১-এর অধীন নিযুক্ত পরিদর্শক;

(ব) “পরীক্ষাগার” অর্থ পরিশিষ্ট ১ এর অধীন সরকার কর্তৃক নির্ধারিত পরীক্ষাগার;

(ভ) “ব্যক্তি” অর্থ যে কোনো ব্যক্তি এবং কোন প্রতিষ্ঠান, কোম্পানি, অংশীদারী কারবার, ফার্ম বা অন্য যে কোনো সংস্থাও উহার অন্তর্ভুক্ত হইবে;

(ম) “ব্র্যান্ড” অর্থ প্রচলিত রাসায়নিক বা সাধারণ নাম ব্যতীত সার চিহ্নিতকরণের উদ্দেশ্যে ব্যবহৃত শব্দ, ডিজাইন বা ট্রেড মার্ক;

(য) “সয়েল এমেন্ডমেন্ট” অর্থ জৈব ও রাসায়নিক বস্তু যাহা মাটিতে প্রয়োগ করিলে মাটির ভৌত ও রাসায়নিক গুনাবলী পরিবর্তিত হয়।

(র) “বিনির্দেশ বা Specification” অর্থ বিধি ৩ এর অধীন জারীকৃত বিনির্দেশ;

(ল) “রাসায়নিক সার বা Chemical Fertilizer” অর্থ অজৈব বা কৃত্রিম পদার্থ হইতে সংগৃহীত এবং রাসায়নিক প্রক্রিয়ায় উৎপাদিত সার;

(শ) “লেবেল” অর্থ সংশিষ্ট সকলের জ্ঞাতার্থে সারের বস্তা বা আধার বা কন্টেইনারের বিধি ১৮ এ বর্ণিত বিবরণ;

(ষ) “সার বা Fertilizer” অর্থ রাসায়নিক সার, জৈব সার ও জীবাণু সার এবং ইহা ছাড়াও সরলসার, মিশ্রসার, যৌগিকসার, অনুপুষ্টি সার, সয়েল এমেন্ডমেন্ট এবং সার জাতীয় দ্রব্যও ইহার অন্তর্ভূক্ত হইবে;

(স) “জৈব সার বা Organic Fertilizer” অর্থ জৈব পদার্থ হইতে সংগৃহীত, প্রক্রিয়াজাত অথবা রুপান্তরিত সার;

(হ) “মিশ্রসার বা Mixed Fertilizer” অর্থ (ক) কেবলমাত্র বিভিন্ন ধরণের রাসায়নিক সারের মিশ্রণ হইতে এবং (খ) কেবলমাত্র বিভিন্ন ধরণের জৈব সারের মিশ্রণ হইতে প্রস্তুতকৃত সার;

(ড়) “সার জাতীয় দ্রব্য” অর্থ উদ্ভিদের বৃদ্ধি নিয়ন্ত্রক বা উদ্দীপক জাতীয় দ্রব্য;

(ঢ়) “অবৈধ সার” অর্থ সার বা সার জাতীয় দ্রব্য নিবন্ধন ব্যতীত/বৈধ কাগজপত্র ছাড়া অবৈধভাবে আমদানী, রপ্তানী ও উৎপাদিত সংগ্রহ, মজুদ বা সংরক্ষণ করা, বৈধ কাগজপত্র ছাড়াই পরিবহন করা;

(য়) “নিবন্ধন” অর্থ এই বিধিমালার বিধি- ৪ এ বর্ণিত নিবন্ধন ।

বিধি ৩। সার বিষয়ক কারিগরি উপকমিটি গঠন, কার্যপরিধি ও সারের বিনির্দেশ জারির আবেদন প্রক্রিয়া

৩.১: সার বিষয়ক কারিগরী উপকমিটির গঠন :

সার বিষয়ক কারিগরী উপ কমিটি ১৯ জন সদস্য নিয়ে গঠিত হইবে। এই কমিটির সদস্যগণ হইবে

১) সদস্য পরিচালক (প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা), বিএআরসি, ফার্মগেট, ঢাকা - আহবায়ক।

২) পরিচালক (গবেষণা), বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর।

৩) পরিচালক (মান), বিএসটিআই, ১১৬-ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।

৪) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা এবং প্রধান, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর।

৫) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা এবং প্রধান, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ, বিআরআরআই, জয়দেবপুর, গাজীপুর।

৬) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা এবং প্রধান, সরেজমিন গবেষণা বিভাগ, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর।

৭) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা এবং প্রধান, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ, বিনা, ময়মনসিংহ।

৮) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (মৃত্তিকা), বিএআরসি, ফার্মগেট, ঢাকা।

৯) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা এবং প্রধান, মৃত্তিকা ও পুষ্টি বিভাগ, বিএসআরআই, ঈশ্বরদী, পাবনা।

১০) অতিরিক্ত পরিচালক (উপকরণ), সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা - সদস্য সচিব।

১১) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা বিজ্ঞান শাখা, কৃষিতত্ব বিভাগ, বিজেআরআই, শেরেবাংলানগর, ঢাকা।

১২) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, কেন্দ্রীয় গবেষণাগার, এসআরডিআই, ফার্মগেট, ঢাকা-১২১৫।

১৩) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা এবং প্রধান, মৃত্তিকা রসায়ন বিভাগ, বিটিআরআই, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

১৪) প্রধান মৎস সম্প্রসারণ কর্মকর্তা, মৎস অধিদপ্তর, মৎস বিভাগ, রমনা, ঢাকা।

১৫) অতিরিক্ত প্রধান রসায়নবিদ (উৎপাদন), বিসিআইসি, বিসিআইসি ভবন, ৩০-৩১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।

১৬) ব্যবস্থাপক (বিক্রয়), বিএডিসি, কৃষিভবন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।

১৭) উপপরিচালক (বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা), পরিবেশ অধিদপ্তর, ই-১৬, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।

১৮) উপপরিচালক (খামার), প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।

১৯) উপপরিচালক (সার ব্যবস্থাপনা), সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

কমিটি প্রয়োজনে সংশ্লিষ্ট অন্য কোন সংস্থা বা প্রতিষ্ঠান হইতে সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

৩.২: সার বিষয়ক কারিগরি উপকমিটির কার্যাবলী :কারিগরি উপকমিটি নিম্ন বর্ণিত কার্যাবলী সম্পাদন করিবে-

(ক) সার উৎপাদন, প্রস্তুতকরণ, সংগ্রহ, আমদানি, বিলিবন্টন, বিক্রয় ও বাজারজাতকরণ সংক্রান্ত সকল বিষয়ে জাতীয় সার প্রমিতকরণ কমিটিকে পরামর্শ প্রদান;

(খ) মান নির্ধারণ করা হয় নাই এমন নতুন সার, জৈব সার, অনুজীব সার (বায়ো -ফার্টিলাইজার), সয়েল এ্যামেন্ডমেন্ট এবং উদ্ভিদ বৃদ্ধি নিয়ন্ত্রক বা উদ্দীপক (Plant growth regulator/stimulator) এর গবেষণাগার ও মাঠ বা শস্য পর্যায়ে পরীক্ষা পরিচালনা এবং এই সকল পরীক্ষার ফলাফল এবং পরিবেশের ওপর উহার প্রতিক্রিয়া পর্যালোচনাপূর্বক দেশে এই সকল সার বা সার জাতীয় দ্রব্য উৎপাদন, আমদানি, বিপণন ও ব্যবহার অনুমোদনের জন্য জাতীয় সার প্রমিতকরণ কমিটির নিকট সুপারিশ পেশকরণ;

(গ) বিভিন্ন সারের এবং সার উৎপাদনে ব্যবহৃত কাঁচামালের বিনির্দেশ নির্ধারণের জন্য সার বিষয়ক জাতীয় প্রমিতকরণ কমিটিকে পরামর্শ প্রদান;

ঘ) বিভিন্ন কৃষি জলবায়ু অঞ্চলে মৃত্তিকা ও ফসলের উপযোগী বিভিন্ন গ্রেডের মিশ্র এবং যৌগিক সারের বিনির্দেশ নির্ধারণের জন্য জাতীয় সার প্রমিতকরণ কমিটিকে পরামর্শ প্রদান;

(ঙ) সারের ভৌত বা দানাদার মিশ্রণ প্রস্তুত পদ্ধতি (Formulation) বিষয়ে সার বিষয়ক জাতীয় প্রমিতকরণ কমিটির নিকট সুপারিশ পেশকরণ;

(চ) সারের ভৌত বা দানাদার মিশ্রণ প্রস্তুত করার ইউনিটসহ যে কোন সার বা সার জাতীয় দ্রব্যের উৎপাদন ইউনিটের মান নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় পরীক্ষাগার স্থাপনের বিষয়ে সার বিষয়ক জাতীয় প্রমিতকরণ কমিটিকে পরামর্শ প্রদান;

(ছ) সারের নমুনা সংগ্রহ ও বিশ্লেষণের পদ্ধতি নির্ধারণ; সার সংরক্ষণাগার/ ব্যবস্থাপনা স্থান পরিদর্শন পদ্ধতি প্রণয়ন;

(জ) সময় সময় অনুমোদিত সারের তালিকা পর্যালোচনা এবং প্রয়োজনে তালিকায় কোন সংযোজন বা বিয়োজনের বিষয়ে জাতীয় সার প্রমিতকরণ কমিটির নিকট সুপারিশ প্রদান;

(ঝ) মাঠ পর্যায়ে বা ফসল উৎপাদন পর্যায়ে সারের ব্যবহার বিধি প্রণয়নে গবেষনা প্রতিষ্ঠান, সম্প্রসারণ প্রতিষ্ঠানের সাথে পরামর্শক্রমে অধিকতর উপযোগী বা কার্যকরী পদ্ধতির সুপারিশ প্রদান করিবে;

(ঞ) জাতীয় সার প্রমিতকরণ কমিটি কর্তৃক কমিটি বরাবরে প্রেরিত অন্য যে কোন বিষয়ে পরামর্শ বা সুপারিশ প্রদান।

৩.৩: নতুন সার বা সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ জারির জন্য আবেদন প্রক্রিয়া:

নির্ধারিত ফরমে (তফসিল-২ ফরম-১) সদস্য পরিচালক (প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা) এবং আহবায়ক, সার বিষয়ক কারিগরী উপকমিটি, বিএআরসি, ফার্মগেট, ঢাকা বরাবরে আবেদন করিতে হইবে ও অতিরিক্ত পরিচালক (উপকরণ), সরেজমিন উইং ও সদস্য সচিব, সার বিষয়ক কারিগরী উপকমিটি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫ কে আবেদনের অনুলিপি প্রদান করিতে হইবে।আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করিতে হইবে:

১.সার বা সার জাতীয় দ্রব্যের রাসায়নিক পরীক্ষার প্রতিবেদনের মূলকপি;
২.রাসায়নিক সার / পিজিআর এর নিরাপত্তা বিষয়ক (MSDS) তথ্যাদি (প্রযোজ্য ক্ষেত্রে);
৩.আবেদনকারী প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স;
৪.সার বা সার জাতীয় দ্রব্যের কারিগরি ও ফসলে ব্যবহারের মাত্রা ও ফলাফল সংক্রান্ত তথ্যাদি;
৫.সার বা সার জাতীয় দ্রব্যের মাঠ পরীক্ষার প্রতিবেদন (যদি থাকে);
৬.রাসায়নিক উপাদানের পরিমাণের বিশ্লেষণ পদ্ধতির রেফারেন্স;
৭.বিষাক্ত নয় মর্মে ঘোষণা পত্র (Non Toxic Declaration);
৮.জৈব সারের ক্ষেত্রে উৎপাদন প্রক্রিয়ার বিবরণ এবং
৯.আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

৩.৪: নতুন সার বা সার জাতীয় দ্রব্যের প্রমিতকরণ পদ্ধতি:

১. নতুন সার বা সারজাতীয় দ্রব্য উৎপাদন/ আমদানি নিবন্ধনের জন্য পণ্যের বিনির্দেশ এর প্রজ্ঞাপন অত্যাবশ্যক। বিনির্দেশ জারীর প্রক্রিয়া শুরু করার জন্য নির্ধারিত ফরম (ফরম নং-১) এ আবেদন করিতে হয় (বিএআরসি এর প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা বিভাগ এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক (উপকরণ) এর দফতরে এই ফরম পাওয়া যায়)।

২. যথাযথভাবে পুরণকৃত আবেদনপত্র সার বিষয়ক কারিগরি উপ-কমিটির আহবায়ক বিএআরসি, ঢাকায় জমা দিয়ে সদস্য সচিব, সার বিষয়ক কারিগরি উপ-কমিটি, অতিরিক্ত পরিচালক (উপকরণ) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা বরাবর কপি দিতে হইবে।

৩. আবেদনপত্রে সার বা সারজাতীয় দ্রব্যের কার্যকরি উপাদান উল্লেখসহ সরকার বিনির্দিষ্ট ল্যাবরেটরী কর্তৃক বিশ্লেষিত ফলাফলের মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করিতে হইবে।

৪. প্রাথমিকভাবে সার বা সারজাতীয় দ্রব্যে প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত বিশ্লেষিত ফলাফলে উপস্থিত উপাদান সমুহ আবেদনপত্রে উল্লেখকৃত উপাদানের সাথে সামন্জস্যর্পূণ হইলে, জৈব সারের ক্ষেত্রে জৈব সারের সরকার অনুমোদিত বিনির্দেশ সীমার মধ্যে থাকিলে এবং অন্যান্য কাগজপত্রাদি সঠিক থাকিলে এর বিনির্দেশ প্রক্রিয়া শুরু করা হয়।

৫. বিনির্দেশ জারীর প্রথম পদক্ষেপ হিসেবে জৈব সারের ক্ষেত্রে আবেদনকারী প্রতিষ্ঠানের কারখানা পরিদর্শন করিয়া সারের নমুনা সংগ্রহ করা হয় এবং সংগৃহীত নমুনা ৩ (তিন) টি বিনির্দিষ্ট ল্যাবরেটরীতে বিশ্লেষণের জন্য প্রেরণ করা হয়। রাসায়নিক সার বা সারজাতীয় দ্রব্যের ক্ষেত্রে কোম্পানীর কাছে আবদেনকৃত সারের ৩ (তিন) টি নমুনা চাওয়া হয় এবং প্রাপ্ত নমুনা তিনটি সরকার বিনির্দিষ্ট ল্যাবরেটরীতে বিশ্লেষনের জন্য প্রেরণ করা হয়। আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক রাসায়নিক পরীক্ষার ফি প্রদান করিতে হইবে।

৬. নমুনা সার বা সারজাতীয় দ্রব্যের বিশ্লেষিত ফলাফল সার বিষয়ক কারিগরি উপ-কমিটিতে পর্যালোচনা করা হয়। নমুনা সারের প্রাপ্ত ফলাফল সন্তোষজনক অর্থাৎ আবেদনপত্রে উল্লেখকৃত উপাদানের সাথে সামন্জ্যস্যর্পূণ থাকিলে আবেদনকারী প্রতিষ্ঠানকে চিঠি দিয়ে উক্ত সার বা সারজাতীয় দ্রব্যের প্রভাব নিরুপনের জন্য মাঠ পরীক্ষা (Field Trial) পরিচালনা করা হয় (জৈব সার ব্যতীত) এবং সর্বনিম্ন এক মৌসুমে দুইটি লোকেশনে অভিন্ন পদ্ধতি (মেথডোলজি) অনুসরণপূর্বক মাঠ পরীক্ষণটি পরিচালনা করা হয়।

৭. জৈব সারের রাসায়নিক পরীক্ষার ফি এবং রাসায়নিক সার বা সারজাতীয় দ্রব্যের পরীক্ষার ফি আবেদনকারী প্রতিষ্ঠানকে বহন করিতে হয়।

৮. মাঠ পরীক্ষায় প্রাপ্ত ফলাফল সার বিষয়ক কারিগরি উপ-কমিটিতে পর্যালোচনা করা হয় এবং ফলাফল সন্তোষজনক হইলে জৈব সারের ক্ষেত্রে আবেদনকারী প্রতিষ্ঠান পরিদর্শন পূর্বক এর সার্বিক যোগ্যতা যাচাই সম্পর্কিত প্রফর্মা পূরণ করিয়া (২৪ পয়েন্টে) প্রতিবেদন, সরকার বিনির্দিষ্ট ল্যাবরেটরীর সাথে সমঝোতা চুক্তি স্বাক্ষরপত্রসহ জাতীয় সার প্রমিতকরণ কমিটিতে বিনির্দেশ অনুমোদনের সুপারিশ প্রস্তাব প্রেরণ করা হয় ।

৯. সার বিষয়ক কারিগরি উপ-কমিটির সুপারিশ প্রস্তাব জাতীয় সার প্রমিতকরণ কমিটির সভায় অনুমোদিত হইলে আবেদনকারী প্রতিষ্ঠানের অনুকূলে সার বা সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ এর প্রজ্ঞাপন জারী করা হয়।

১০. নমুনা সার বিশ্লেষনের বা মাঠ পরীক্ষার ফলাফল সন্তোষজনক না হইলে আবেদনকারী প্রতিষ্ঠানকে তাহা চিঠি দিয়ে অবহিত করা হয়। প্রয়োজনে সারে উপস্থিত উপাদানের পরিমান কমানো বা বাড়ানোর প্রয়োজনীয় পরার্মশ/ নির্দেশনা প্রদান করা হয়।

বিধি ৪। নিবন্ধন এর আবেদন

১: কোন ব্যক্তি কোন প্রকার সার ও সার জাতীয় দ্রব্য উৎপাদন, আমদানি, সংরক্ষণ ও বিক্রয় করিতে ইচ্ছুক হইলে তাহাকে নিবন্ধনের জন্য নির্ধারিত ফরম - এ আবেদন করিতে হইবে যথা :-

| ক্রমিক নং | বিবরণ | তফসিলের ফরম নং |
|---|---|---|
| (১) | সার উৎপাদনের জন্য নিবন্ধন সনদের আবেদন | ফরম-২ |
| (২) | সার আমদানির জন্য নিবন্ধন সনদের আবেদন | ফরম-৩ |
| (৩) | পরিবেশক এর জন্য নিবন্ধন সনদের আবেদন | ফরম-৪ |
| (৪) | বিসিআইসি /বিএডিসি নিয়োগকৃত সার ডিলারদের নিবন্ধনের জন্য আবেদন | ফরম-৫ |
| (৫) | নিবন্ধন সনদ নবায়নের জন্য আবেদন | ফরম-৬ |
| (৬) | সার ডিলার এর নিবন্ধন নবায়নের জন্য আবেদন | ফরম-৭ |

২.১: উপ-বিধি (১)- এ উল্লিখিত আবেদনপত্রের সহিত নিম্নোক্ত কাগজপত্র ও তথ্যাদি দাখিল করিতে হইবে, যথা :-

ক) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ফটো ১(এক) কপি ;

খ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ;

গ) পাসপোর্টের ফটোকপি ও স্থানীয় স্পন্সর (বিদেশী নাগরিকের ক্ষেত্রে);

ঘ) ট্রেড লাইসেন্সের ফটোকপি ;

ঙ) জৈব সার উৎপাদনকারী ক্ষুদ্র উদ্যোক্তা (সর্বোচ্চ ৫ লক্ষ টাকা বিনিয়োগকারী) ব্যতিত অন্যান্যদের ক্ষেত্রে -

১. হালনাগাদ টিআইএন নম্বর, হালনাগাদ আয়কর সনদপত্র এবং আয়কর রিটার্ন জমা দেয়ার প্রাপ্তি স্বীকারপত্র;

২. মূল্য সংযোজন কর রেজিস্ট্রেশন সার্টিফিকেটের ফটোকপি ;

৩. ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদপত্রের ফটোকপি ;

৪.বিএফএ সদস্য পদের প্রমাণকের ফটোকপি।

চ) নিবন্ধন আবেদনকারীর কমপক্ষে ৫০ (পঞ্চাশ) মে.টন ধারণ ক্ষমতাসম্পন্ন পাকা মেঝসহ নিজস্ব অথবা ভাড়া গুদাম থাকার প্রমাণক দাখিল করিতে হইবে (জৈব সার ও মাইক্রোনিউট্রিয়েন্ট সার ব্যতীত) ;

ছ) ব্যাংকে জামানত জমাদানের রশিদের ফটোকপি ;

জ) ভ্যাটসহ নিবন্ধন ফি জমাদানের ট্রেজারি চালানের মূল কপি;

ঝ) নির্ধারিত ফরমে (তফসিল-৩, ফরম-২) অঙ্গীকারনামা ;

ঞ) সারের বস্তা, আধার বা কন্টেইনারের গায়ে সংযোজনের জন্য নমুনা লেবেল (তফসিল-৪) ;

২.২: সার উৎপাদনকারীর ( বিধি ৩ এর ২ উপবিধি) ক্ষেত্রে নির্ধারিত ফরমের সাথে নিম্নোক্ত অতিরিক্ত তথ্যাদি সংযোজন করিতে হইবে

ক) বাংলাদেশ ক্ষুদ্র ও কুটিরশিল্প কর্তৃপক্ষের নিবন্ধন বা বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নিবন্ধন বা এসএমই’র নিবন্ধন (প্রযোজ্য ক্ষেত্রে);

খ) অনুমোদিত সারের বিনির্দেশের প্রজ্ঞাপনের ফটোকপি;

গ) পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রের ফটোকপি;

ঘ) সার উৎপাদন প্রক্রিয়ার বিবরণ;

ঙ) সার পরীক্ষার নিজস্ব ল্যাবরেটরীর বিবরণ বা সরকার বিনির্দিষ্ট ল্যাবরেটরীর সাথে সমঝোতা স্মারকের ফটোকপি;

(সমঝোতা স্মারকের নমুনা তফসিল -৩ ফরম ১(গ))

চ) জনবলের বিবরণ (সার উৎপাদন, সংরক্ষণ, বাজারজাতকরণ ও ল্যাবরেটরীর জনবল)।

ছ) সার উৎপাদনের জন্য কাঁচামালের বিবরণ ;

জ) যে কারখানায় উৎপাদন করা হইবে এবং যে গুদামে সংরক্ষণ করা হইবে তাহা নিজস্ব অথবা ভাড়া হইলে তাহার স্বপক্ষে দলিল বা নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ভাড়ার চুক্তিপত্র ।

২.৩: আমদানির ক্ষেত্রে নির্ধারিত ফরমের সাথে নিম্নোক্ত অতিরিক্ত তথ্যাদি সংযোজন করিতে হইবে

ক) উৎপাদনকারী প্রতিষ্ঠানের পূর্ণাঙ্গ ঠিকানা, ফোন নম্বর ও ইমেইলসহ কর্তৃত্বপত্র (Authorization letter) ও পণ্যের নিশ্চয়তা বিশ্লেষণ (Guaranteed Analysis) রিপোর্ট, টেকনিক্যাল ইনফরমেশন, ম্যাটেরিয়াল সেফটি ডাটা শিট ;

খ) উৎপাদনকারী প্রতিষ্ঠান হইতে উৎপাদনের তারিখ;

গ) প্রমাণপত্রসহ উৎপাদনকারী প্রতিষ্ঠান হইতে সংগৃহিত নমুনা মোড়ককৃত অবস্থায় ( আবেদনকারী স্বাক্ষরিত) দাখিল;

ঘ) বিক্রয়কেন্দ্র অথবা সংরক্ষণাগারের মালিকানা অথবা ভাড়া গ্রহণের স্বপক্ষে দলিল অথবা ভাড়ার চুক্তিপত্রের ফটোকপি ;

ঙ) হালনাগাদ আমদানি নিবন্ধন সনদের (আইআরসি) ফটোকপি।

২.৪: পরিবেশকের ক্ষেত্রে নির্ধারিত ফরমের সাথে নিম্নোক্ত অতিরিক্ত তথ্যাদি সংযোজন করিতে হইবে

ক) আমদানিকারী অথবা উৎপাদনকারী প্রতিষ্ঠানের সাথে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সারের নাম, সময়কাল উল্লেখপূর্বক চুক্তিনামা;

খ) আমদানিকারক অথবা উৎপাদনকারী প্রতিষ্ঠানের হালনাগাদ নিবন্ধন সনদের ফটোকপি;

গ) বিক্রয়কেন্দ্র , সংরক্ষণাগারের মালিকানা অথবা ভাড়া গ্রহণের স্বপক্ষে দলিল অথবা নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ভাড়ার চুক্তিপত্র।

৩:বিসিআইসি অথবা বিএডিসি নিয়োগকৃত সার ডিলার নিবন্ধনের ক্ষেত্রে নির্ধারিত ফরমের (তফসিল-২,ফরম-৫) সাথে নিম্নোক্ত অতিরিক্ত তথ্যাদি সংযোজন করিতে হইবে

ক) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সার ডিলার হিসাবে নিয়োগ প্রদানের জারীকৃত ও হালনাগাদকৃত নিয়োগপত্র

খ) নিজস্ব প্রতিষ্ঠানের প্যাডে অগ্রায়নপূর্বক নির্ধারিত ফরমে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট ডিলারশীপ নিবন্ধনের জন্য আবেদন (সংযুক্তি হিসাবে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করিতে হইবে)

১. তফসিল-২ এর নির্ধারিত ফরম-৫ এ তথ্যাদি পূরণ করে আবেদনপত্র ;

২. জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সার ডিলার নিয়োগের সিদ্ধান্ত ও জেলা প্রশাসক কর্তৃক এ বিষয়ে অগ্রায়নপত্র;

৩. ইউনিয়ন, পৌরসভা, উপজেলা, জেলার বাসিন্দার প্রমাণক হিসাবে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ;

৪. হালনাগাদ ট্রেড লাইসেন্সের ফটোকপি;

৫. নিবন্ধন ফি ও মূল্য সংযোজন কর (VAT) জমাদানের ট্রেজারি চালানের মূলকপি;

৬. হালনাগাদ আয়কর পরিশোধের প্রত্যয়নপত্রের ফটোকপি;

৭. বিএফএ সদস্য পদের প্রমাণক এর ফটোকপি।

৮. বিক্রয়কেন্দ্র বা দোকান, কমপক্ষে ৫০ মেট্রিক টন ধারন ক্ষমতাসম্পন্ন পাকা মেঝেসহ গুদামের স্বপক্ষে মালিকানা দলিল অথবা ভাড়া হইলে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র;

৯. কমপক্ষে ৫ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক স্বচ্ছলতার সনদ ;

১০. বয়স ন্যূনতম ১৮ বছর প্রমাণের সনদপত্র।

৪: নিবন্ধন সনদ নবায়নের ক্ষেত্রে নির্ধারিত ফরমের সাথে নিম্নোক্ত অতিরিক্ত তথ্যাদি সংযোজন করিতে হইবে

ক) হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্র অথবা রিটার্ন দাখিলের প্রমাণপত্রের ফটোকপি।

খ) বিগত ২(দুই) বৎসরের কর্মসম্পাদনের বিবরণ (আমদানি বা উৎপাদন বা পরিবেশন বিষয়ে তফসিল-৩ ফরম-৪ এ সংশ্লিষ্ট উপজেলা বা মেট্রোপলিটন থানার কৃষি অফিসার এর প্রত্যয়ন পত্র) ।

গ) উৎপাদনকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা অথবা মেট্রোপলিটন থানা কৃষি অফিসার কর্তৃক উৎপাদিত সারের ৩(তিন)টি নমুনা যথাযথ প্রক্রিয়ায় সংগ্রহকরণ এবং নিবন্ধনকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ।

ঘ) আবেদনকারীর বিরুদ্ধে বিগত ২(দুই) বৎসরের মধ্যে সার ব্যবস্থাপনা আইনে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কিনা সেই মর্মে সংশ্লিষ্ট জেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর উপপরিচালক কর্তৃক প্রত্যয়নপত্র এবং সংশ্লিষ্ট উপজেলার সার পরিদর্শক কর্তৃক সার ব্যবস্থাপনা স্থানের নির্ধারিত ছকে (তফসিল-৩, ফরম-৩) পরিদর্শন প্রতিবেদন।

বিধি ৫। নিবন্ধনকারী ও আপীল কর্তৃপক্ষ

১: (ক) সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ ধারা ২(৯) এর উদ্দেশ্য পূরণকল্পে নিবন্ধনকারী কর্তৃপক্ষ হইবে পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর। নিবন্ধনকারী কর্তৃপক্ষ নিবন্ধন বাতিল বা স্থগিত করিবার ক্ষমতা সংরক্ষণ করিবে।

নিম্নোক্ত কারণে নিবন্ধনকারী কর্তৃপক্ষ নিবন্ধন বাতিল বা স্থগিত করিবার ক্ষমতা রাখিবে-

১. কোন প্রতিষ্ঠান যথাযথ প্রক্রিয়ায় নিবন্ধন গ্রহণের পর যদি তাহার দাখিলকৃত তথ্য ও কাগজপত্র সঠিক না পাওয়া যায় ;

২. কোন প্রতিষ্ঠান যে সার বা সার জাতীয় দ্রব্যের জন্য আমদানি নিবন্ধন গ্রহণ করিয়াছেন তাহা ব্যতীত অন্য কোন সার বা সার জাতীয় দ্রব্য আমদানি করার ক্ষেত্রে;

৩. কোন প্রতিষ্ঠান সার বা সার জাতীয় দ্রব্যের জন্য  আমদানি নিবন্ধন গ্রহণ করিবার পর অন্য কোন প্রতিষ্ঠানকে  সার বা সার জাতীয় দ্রব্যের আমদানির ক্ষমতা প্রদান করিলে অথবা নিজে আমদানি না করিয়া অন্য কোন প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত সার নিজ প্রতিষ্ঠানের নামে বাজারজাত করিলে;

৪. কোন উৎপাদনকারী প্রতিষ্ঠান সার বা সার জাতীয় দ্রব্যের জন্য নিবন্ধন গ্রহণ করিবার পর নিজে উৎপাদন না করিয়া অন্য কোন প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত  সার বা সার জাতীয় দ্রব্য নিজ প্রতিষ্ঠান এর নামে বাজারজাত করিলে;

৫. কোন সার পরিবেশক যে প্রতিষ্ঠানের বা যে সকল প্রতিষ্ঠানের সার বা সার জাতীয় দ্রব্য বিতরণের জন্য নিবন্ধন গ্রহন করিয়াছে, সেই প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোন প্রতিষ্ঠানের সার বা সার জাতীয় দ্রব্য বিতরণের জন্য মজুদ, বাজারজাত কিংবা বিক্রয় করিলে ;

৬. কোন উৎপাদনকারী প্রতিষ্ঠান সার উৎপাদন কার্যক্রম পরিচালনার সময় রাসায়নিক কিংবা অন্যান্য ক্ষতিকারক বর্জ্য পরিশোধনের নিমিত্ত বর্জ্য (ইফ্লুয়েন্ট) শোধনপ্লান্ট (ইটিপি) স্থাপন করে নাই অথবা স্থাপন করা হইলেও তাহা ব্যবহার না করিলে (জৈব সার উৎপাদনকারী ব্যতিরেকে) ;

৭. কোন সার বা সার জাতীয় দ্রব্য উৎপাদনকারী প্রতিষ্ঠান সার উৎপাদন কাজে নিয়োজিত কর্মীদের -

ক. স্বাস্থ্য নিরাপত্তা ও কল্যাণমূলক ব্যবস্থা হিসেবে শারিরীক নিরাপত্তা সামগ্রী (এ্যাপ্রোন বা অভেদ্য পোষাক, টুপি বা হেলমেট (প্রযোজ্য ক্ষেত্রে), চশমা, মুখোশ (মাস্ক), হ্যান্ডগ্লাভস, জুতা, ফার্স্ট এইড বক্স, হ্যান্ড স্যানিটাইজার ইত্যাদি) নিশ্চিত না করা হইলে;

খ. পোষাক পরিবর্তনের জন্য পৃথক কক্ষ, বিশ্রামাগার, পরিচ্ছন্ন ওয়াশরুম, সাবান বা হ্যান্ডওয়াশসহ পানীয় জলের ব্যবস্থা  না করা হইলে,

গ. নিরাপত্তা ব্যবস্থা বিষয়ে কর্মীদের প্রশিক্ষিতকরণ, নিরাপত্তা চিহ্ন ও সতর্কতামূলক তথ্য সম্পর্কিত পোস্টার, ফেস্টুন প্রদর্শন, নিরাপত্তা ব্যবস্থা বিষয়ের কার্যকারীতা যাচাইয়ে বছরে একবার মহড়া আয়োজন ইত্যাদি লজিস্টিক সুবিধা নিশ্চিত করা না হইলে;

৮. কোন প্রতিষ্ঠান একটি দ্রব্যের জন্য উৎপাদন বা আমদানি বা পরিবেশক নিবন্ধন গ্রহণ করিয়া অন্য সার বা সার জাতীয় দ্রব্যের ক্ষেত্রে উক্ত নিবন্ধন নম্বর ব্যবহার করিলে;

৯. সার পরিদর্শক কর্তৃক নমুনা পরীক্ষার ফলাফলে কোন প্রতিষ্ঠানের নিবন্ধিত একই পণ্যের ৩টি ভিন্ন ভিন্ন নমুনা প্রথমবারের মতো ভেজাল পাওয়া গেলে নিবন্ধন স্থগিত বা বাতিলকরণের জন্য সতর্ক করা হইবে। প্রতিষ্ঠানটির একই পণ্যের পুণরায় ৩টি ভিন্ন ভিন্ন নমুনা ভেজাল পাওয়া গেলে নিবন্ধন স্থগিত বা বাতিল করা হইবে;

১০. নিবন্ধনকারী কর্তৃপক্ষের নিকট নিবন্ধন গ্রহণকারী প্রতিষ্ঠানের অনুকূলে এতদসংক্রান্ত অন্য কোন গুরুতর অনিয়ম পরিলক্ষিত হইলে;

১১. সার পরিদর্শককে সার ব্যবস্থাপনা স্থান পরিদর্শণ কাজে বাধা প্রদান বা প্রয়োজনীয় সহায়তা প্রদান না করার রিপোর্ট প্রাপ্ত হইলে তাহা যাচাই সাপেক্ষে;

১২. সার (ব্যবস্থাপনা) সম্পর্কিত আইন,বিধি লংঘনের কারণে ২(দুই) বার প্রশাসনিক সতর্কীকরণ বা জরিমানা বা অন্যকোন দন্ডে দন্ডিত হওয়ার পর পুনরায় বিধি লঙ্ঘন করিলে।

(খ) বিসিআইসি বা বিএডিসি কর্তৃক নিয়োগকৃত সার ডিলারদের নিবন্ধনের ক্ষেত্রে নিবন্ধনকারী কর্তৃপক্ষ হইবে সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।সার ডিলারদের নিবন্ধনকারী কর্তৃপক্ষ ডিলার নিবন্ধন বাতিল বা স্থগিত করিবার নিমিত্তে জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর প্রস্তাব প্রেরণ করিবে। জেলা সার ও বীজ মনিটরিং কমিটি এ বিষয়ে যে সিদ্ধান্ত গ্রহণ করিবে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সে অনুযায়ী ব্যবস্থা নিবে।

২: উপ-বিধি (১) (ক) অনুযায়ী-

১) সার আমদানি, উৎপাদন ও পরিবেশক হিসেবে নিবন্ধন গ্রহণকারী প্রতিষ্ঠানের নিবন্ধন বাতিল বা স্থগিত করা হইলে সংক্ষুব্ধ ব্যক্তি বা প্রতিষ্ঠান আপিল কর্তৃপক্ষ অর্থাৎ মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বরাবর ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে আপিল করিবে।

৩: উপ-বিধি (১) (খ) অনুযায়ী-

বিসিআইসি বা বিএডিসি সার ডিলার নিবন্ধন বাতিল বা স্থগিত করা হইলে সংক্ষুব্ধ ব্যক্তি বা ডিলার আপিল কর্তৃপক্ষ অর্থাৎ অতিরিক্ত পরিচালক, ডিএই, সংশ্লিষ্ট অঞ্চল বরাবর ৭ (সাত) কার্যদিবসের মধ্যে আপিল করিবেন। অতিরিক্ত পরিচালক আপিল আবেদনের প্রেক্ষিতে যেই সিদ্ধান্ত প্রদান করিবেন তাহাই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।

৪: সংশ্লিষ্ট উপপরিচালক,  কৃষি সম্প্রসারণ অধিদপ্তর আপিল কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী অনতিবিলম্বে পরবর্তী ব্যবস্থা নিবে।

বিধি ৬। নিবন্ধন পদ্ধতি

১: আমদানিকারক হিসাবে নিবন্ধনের ক্ষেত্রে-

(ক) আবেদনকারী নির্ধারিত ফরমে (তফসিল-২, ফরম-৩) আবেদন, প্রয়োজনীয় কাগজপত্র, উৎপাদনকারী প্রতিষ্ঠানের মোড়ককৃত সারের নমুনাসহ নিবন্ধন কর্তৃপক্ষ বরাবর দাখিল করিবে;

(খ) উপবিধি ১(ক) কাগজপত্রাদিসহ আবেদন প্রাপ্ত হইবার পর ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে প্রাথমিক যাচাই-বাছাইক্রমে নিবন্ধনকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে কোন সার পরিদর্শককে (উপজেলা বা মেট্রোপলিটন থানা) দায়িত্ব অর্পণ করিয়া প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশ প্রদান করিবে;

(গ) একই সাথে দাখিলকৃত সারের নমুনা সরকার বিনির্দিষ্ট প্রতিষ্ঠানের পরীক্ষাগারে পরীক্ষার জন্য প্রেরণ করিবে।

(ঘ) উপবিধি ১(খ)- এর অধীনে উপজেলা বা মেট্রোপলিটন থানা সার পরিদর্শক পত্র প্রাপ্তির ২০(বিশ) কার্যদিবসের মধ্যে নির্দেশনা মোতাবেক সরেজমিন পরিদর্শনপূর্বক নির্ধারিত ছকে (তফসিল-৩,ফরম-৩) সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে নিবন্ধন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করিবে।

(ঙ) উপবিধি ১(গ)- এর অধীনে পরীক্ষাগার কর্তৃপক্ষ ১৫(পনের) কার্যদিবসের মধ্যে পরীক্ষার ফলাফল নিবন্ধন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করিবে।

(চ) নিবন্ধনকারী কর্তৃপক্ষ আমদানিকারকের নিবন্ধনের ক্ষেত্রে সার নমুনা পরীক্ষার ফলাফল এবং পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির পর পর্যালোচনাপূর্বক ১০(দশ) কার্যদিবসের মধ্যে নিবন্ধন সনদ ইস্যু করিবে অথবা আবেদন নামঞ্জুরের কারণ উল্লেখ করিয়া আবেদনকারীকে অবহিত করিবে।

২: উৎপাদনকারী হিসাবে নিবন্ধনের ক্ষেত্রে-

(ক) আবেদনকারী নির্ধারিত ফরমে (তফসিল-২, ফরম-২) আবেদন, প্রয়োজনীয় কাগজপত্রসহ নিবন্ধন কর্তৃপক্ষ বরাবর দাখিল করিবে;

(খ) উপবিধি ২(ক) কাগজপত্রাদিসহ আবেদন প্রাপ্ত হইবার পর ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে প্রাথমিক যাচাই-বাছাইক্রমে নিবন্ধনকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে কোন সার পরিদর্শককে (উপজেলা বা মেট্রোপলিটন থানা) দায়িত্ব অর্পণ করিয়া প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশ প্রদান করিবে;

(গ) একই সাথে প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষামূলকভাবে উৎপাদিত সারের (সর্বোচ্চ ৫০০ কেজি পর্যন্ত উৎপাদন করা যাইবে) মধ্য হইতে সংশ্লিষ্ট সার পরিদর্শক কর্তৃক দাখিলকৃত নমুনা নিবন্ধনকারী কর্তৃপক্ষ সরকার বিনির্দিষ্ট প্রতিষ্ঠানের পরীক্ষাগারে পরীক্ষার জন্য প্রেরণ করিবে।

(ঘ) উপবিধি ২(খ) এর অধীনে উপজেলা বা মেট্রোপলিটন থানা সার পরিদর্শক পত্র প্রাপ্তির ২০(বিশ) কার্যদিবসের মধ্যে নির্দেশনা মোতাবেক সরেজমিন পরিদর্শনপূর্বক নির্ধারিত ছকে (তফসিল-৩,ফরম-৩) সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে নিবন্ধন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করিবে।

(ঙ) উপবিধি ২(গ) এর অধীনে পরীক্ষাগার কর্তৃপক্ষ ১৫(পনের) কার্যদিবসের মধ্যে পরীক্ষার ফলাফল নিবন্ধন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করিবে।

(চ) নিবন্ধনকারী কর্তৃপক্ষ সার নমুনা পরীক্ষার ফলাফল এবং পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির পর পর্যালোচনাপূর্বক ১০(দশ) কার্যদিবসের মধ্যে নিবন্ধন সনদ ইস্যু করিবে অথবা আবেদন নামঞ্জুরের কারণ উল্লেখ করিয়া আবেদনকারীকে অবহিত করিবে।

৩: পরিবেশক হিসাবে নিবন্ধনের ক্ষেত্রে-

(ক) আবেদনকারী নির্ধারিত ফরমে (তফসিল-২, ফরম-৪) আবেদন, প্রয়োজনীয় কাগজপত্রসহ নিবন্ধন কর্তৃপক্ষ বরাবর দাখিল করিবে;

(খ) উপবিধি ৩(ক) এর অধীনে কাগজপত্রাদিসহ আবেদন প্রাপ্ত হইবার পর ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে প্রাথমিক যাচাই-বাছাইক্রমে নিবন্ধনকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে কোন সার পরিদর্শককে (উপজেলা বা মেট্রোপলিটন থানা) দায়িত্ব অর্পন করিয়া লিখিত প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশ প্রদান করিবে;

(গ) উপবিধি ৩(খ)'র অধীনে উপজেলা বা মেট্রোপলিটন থানা সার পরিদর্শক পত্র প্রাপ্তির ২০(বিশ) কার্যদিবসের মধ্যে নির্দেশনা মোতাবেক সরেজমিন পরিদর্শনপূর্বক নির্ধারিত ছকে (তফসিল-৩, ফরম-৩) সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে নিবন্ধনকারী কর্তৃপক্ষ বরাবরে প্রেরণ করিবে;

(ঘ) নিবন্ধনকারী কর্তৃপক্ষ পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির পর পর্যালোচনাপূর্বক ১০(দশ) কার্যদিবসের মধ্যে নিবন্ধন সনদ ইস্যু করিবে অথবা আবেদন নামঞ্জুরের কারণ উল্লেখ করিয়া আবেদনকারীকে অবহিত করিবে।

৪: বিসিআইসি বা বিএডিসি ডিলারশীপ নিবন্ধনের ক্ষেত্রে-

(ক) আবেদনকারী নির্ধারিত ফরমে (তফসিল-২, ফরম-৫) আবেদন, প্রয়োজনীয় কাগজপত্রসহ নিবন্ধনকারী কর্তৃপক্ষ (উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সংশ্লিষ্ট জেলা) বরাবর দাখিল করিবে;

(খ) উপবিধি ৪(ক)'র অধীনে কাগজপত্রাদিসহ আবেদন প্রাপ্ত হইবার পর ১০(দশ) কার্যদিবসের মধ্যে প্রাথমিক যাচাই-বাছাইক্রমে নিবন্ধনকারী কর্তৃপক্ষ সংশ্লিষ্ট উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সংশ্লিষ্ট উপজেলা বা মেট্রোপলিটন থানার কোন সার পরিদর্শককে দায়িত্ব অর্পন করিয়া প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশ প্রদান করিবে;

(গ) উপবিধি ৪(খ)'র অধীনে উপজেলা বা মেট্রোপলিটন থানা সার পরিদর্শক পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে নির্দেশনা মোতাবেক সরেজমিন পরিদর্শনপূর্বক নির্ধারিত ছকে (তফসিল-৩, ফরম-৩) সুনির্দিষ্ট মতামতসহ প্রতিবেদন সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বরাবরে প্রেরণ করিবে।

(ঘ) নিবন্ধনকারী কর্তৃপক্ষ পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির পর পর্যালোচনাপূর্বক ১০(দশ) কার্যদিবসের মধ্যে নিবন্ধন সনদ ইস্যু করিবে অথবা আবেদন নামঞ্জুরের কারণ উল্লেখ করিয়া আবেদনকারীকে অবহিত করিবে।

৫: নিবন্ধন নবায়নের ক্ষেত্রে-

ক) আবেদনকারী (উৎপাদনকারীর ক্ষেত্রে) নির্ধারিত ফরমে (তফসিল-২, ফরম-৬) প্রয়োজনীয় কাগজপত্রসহ (বিধি-৩ এর উপবিধি-৭ এ উল্লিখিত কাগজপত্র) নিবন্ধনকারী কর্তৃপক্ষ বরাবর দাখিল করিবে ; এবং এইক্ষেত্রেও নিবন্ধন পদ্ধতির ধাপসমূহ অনুসরণ করা হইবে। তবে উল্লেখ থাকে যে উৎপাদনকারীকে উপজেলা কৃষি অফিসার বা মেট্রোপলিটন থানা কৃষি অফিসারের মাধ্যমে সর্বশেষ উৎপাদিত ব্যাচের সারের নমুনা বিশ্লেষণের উদ্দেশ্যে নিবন্ধনকারী কর্তৃপক্ষের বরাবরে প্রেরণ করিবে। বিসিআইসি বা বিএডিসি সার ডিলারের ক্ষেত্রে সারের নমুনা প্রেরণের প্রয়োজন নাই।

খ) আমদানীকারকের ক্ষেত্রে কর্তৃপক্ষ প্রয়োজন বোধ করিলে সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসার বা মেট্রোপলিটন থানা কৃষি অফিসারকে সারের নমুনা প্রেরণের জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে।

৬: নিবন্ধন নবায়নের ক্ষেত্রে উপপরিচালক ডিএই কর্তৃক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত প্রত্যয়ণ প্রযোজ্য হইবে; নতুন নিবন্ধনের ক্ষেত্রে শাস্তিমূলক ব্যবস্থা সংক্রান্ত প্রত্যয়ণ প্রযোজ্য হইবে না।

৭: পরীক্ষার জন্য সারের নমুনা:

(ক) সার বা সার জাতীয় দ্রব্য আমদানির ক্ষেত্রে আবেদনপত্রের সহিত উৎপাদনকারী প্রতিষ্ঠানের মোড়ককৃত সারের নমুনা আবেদনকারীর স্বাক্ষরসহ নিবন্ধন কর্তৃপক্ষের বরাবর দাখিল করিতে হইবে (দানাদার/পাউডার কমপক্ষে ১২০০-১৫০০ গ্রাম, তরল ৫০০ মিলিলিটার, মাইক্রোনিউট্রিয়েন্ট সার বা সার জাতীয় দ্রব্যের ক্ষেত্রে ৫০০ গ্রাম,পিজিআর এর ক্ষেত্রে ৩০০ গ্রাম/মিলিলিটার)। নিবন্ধনকারী কর্তৃপক্ষ উহা হইতে ৩(তিন)টি নমুনা তিনটি বিনির্দিষ্ট ল্যাবরেটরিতে পরীক্ষার জন্য প্রেরণ করিবে, একটি নিজ দপ্তরে সংরক্ষণ করিবে। তবে ক্ষুদ্র উদ্যোক্তা কর্তৃক উৎপাদিত জৈব সারের ক্ষেত্রে ১(এক)টি নমুনা বিনির্দিষ্ট ল্যাবরেটরিতে পরীক্ষার জন্য প্রেরণ করিবে।

(খ) সার বা সার জাতীয় দ্রব্য উৎপাদনের ক্ষেত্রে নতুন এবং নবায়নের সময় আবেদনপত্রের সহিত সর্বশেষ ব্যাচে উৎপাদিত সার এর ৩ (তিন)টি নমুনা সংশ্লিষ্ট সার পরিদর্শক এর মাধ্যমে সংগ্রহ করিয়া সিলগালা অবস্থায় নিবন্ধন কর্তৃপক্ষ বরাবর দাখিল করিতে হইবে (প্রতিটি নমুনা ৩০০ গ্রাম দানাদার/পাউডার, ১০০ মিলিলিটার তরল)।

(গ) নমুনা বিশ্লেষণের ফি আবেদনকারী পরিশোধ করিবে।

(ঘ) নমুনা পরীক্ষা ১বারের বেশী করা যাবে না। প্রথমবারের নমুনা পরীক্ষার ফলাফল বিনির্দেশ বর্হিভূত হলে নতুন (আমদানী ও উৎপাদন) বা নবায়ন (উৎপাদনের ক্ষেত্রে) নিবন্ধন সনদ দেয়া বা নবায়ন করা যাবে না।

(ঙ) আবেদনকারী কর্তৃক দাখিলকৃত নমুনা নিবন্ধনকারী কর্তৃপক্ষের নিকট ২ (দুই) বৎসর সংরক্ষিত রাখিতে হইবে।

৮: নিবন্ধনকারী কর্তৃপক্ষ আবেদনকারীকে নিবন্ধন সনদ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করিলে তফসিলের ৫ এ বর্ণিত ফরমে আবেদনকারীর অনুকূলে নিবন্ধন সনদ ইস্যু করিবে । একই সাথে সংশ্লিষ্ট উপপরিচালক ও উপজেলা বা মেট্রো থানা কৃষি অফিসারকে নিবন্ধন সনদ জারী পত্রের অনুলিপি প্রদান করিবে এবং ডিএই'র ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করিবে।

৯: নিবন্ধনকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তে সংক্ষুব্ধ আবেদনকারী বিধি (৮) এর অধীন পত্র প্রাপ্তির ১৫(পনের) কার্য দিবসের মধ্যে আপিল কর্তৃপক্ষ বরাবর উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করিতে পারিবে।

১০: উপ-বিধি (৯) এর অধীন আপিল আবেদন প্রাপ্তির পর আপিল কর্তৃপক্ষ আপিল আবেদনকারীকে শুনানীর সুযোগ প্রদান করিয়া উহা ১০ (দশ) কার্য দিবসের মধ্যে নিষ্পত্তি করিবে এবং এই বিষয়ে আপিল কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

বিধি ৭। নিবন্ধনের আবেদনপত্রের অযোগ্যতা

নিম্নবর্ণিত ত্রুটিজনিত কারণে নিবন্ধনের জন্য কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না, যথা :-

১) আবেদনপত্র অসম্পূর্ণ হইলে বা ভুল তথ্য থাকিলে। ।

২) আবেদনকারীর কোন সুনির্দিষ্ট সার বা সার জাতীয় দ্রব্য এর নিবন্ধন পূর্বে স্থগিত বা বাতিল হইয়া থাকিলে ৫ বছরের জন্য উক্ত সার বা সার জাতীয় দ্রব্য নিবন্ধনের জন্য পুনরায় আবেদনের অযোগ্য হইবে।

৩) আবেদনের তারিখ হইতে পূর্ববর্তী দুই বৎসরের মধ্যে সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬; সার (ব্যবস্থাপনা) (সংশোধন) আইন, ২০০৯ এবং সার (ব্যবস্থাপনা) (সংশোধন) আইন, ২০১৮ অথবা এই বিধিমালার অধীন কোন অপরাধে দোষী সাব্যস্ত হইয়া থাকিলে।

৪) মিথ্যা তথ্য প্রদান, ভুয়া বা জাল কাগজপত্র দাখিল, বিধি-বিধান প্রতিপালনের দায়িত্বপ্রাপ্ত যে কোন কর্তৃপক্ষকে পরিদর্শন কাজে বাধা প্রদান কিংবা অস্বীকৃতি প্রদানের রিপোর্ট প্রাপ্ত হইলে।

৫) দাখিলকৃত কাগজপত্রে আবেদনকারীর স্বাক্ষর একই রকম না হইলে অথবা অন্য কেহ আবেদনকারীর স্বপক্ষে স্বাক্ষর করিয়া কাগজপত্র দাখিল করিলে। তবে যার নামে প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স ইস্যু করা হইয়াছে তাহার দ্বারা লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি আবদেনপত্রে স্বাক্ষর করিতে পারিবে।

৬) নবায়নের আবেদনে মূল সনদপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষর না থাকিলে। তবে যাহার নামে প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স ইস্যু করা হইয়াছে তাহার দ্বারা লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি আবদেনপত্রে স্বাক্ষর করিতে পারিবে।

৭) দাখিলকৃত সকল সনদপত্র একই ব্যক্তির নামে না থাকিলে।

বিধি ৮। নিবন্ধন ও নবায়ন ফি নির্ধারণ এবং জামানত

বিধিমালার অধীন সার উৎপাদন, আমদানি কিংবা পরিবেশক নিবন্ধন সনদের ফি হইবে নিম্নরূপ এবং সময় সময় সরকার কর্তৃক নির্ধারিত হারে ফি ও ভ্যাট পরিশোধ করিতে হইবে।

| নিবন্ধনের ধরণ | নিবন্ধন ফি (টাকা) |
|---|---|
| সার উৎপাদন ও বাজারজাতকরণ | ১০,০০০ (দশ হাজার) |
| সার আমদানি ও বাজারজাতকরণ | ১০,০০০ (দশ হাজার) |
| পরিবেশক | ১০,০০০ (দশ হাজার) |
| বিসিআইসি বা বিএডিসি নিয়োগকৃত সার ডিলার | ১০,০০০ (দশ হাজার) |
| নবায়ন (সকল ক্ষেত্রে) | ৫,০০০ (পাঁচ হাজার) |
| জামানত (ফেরতযোগ্য তবে বিসিআইসি বা বিএডিসি নিয়োগকৃত সার ডিলারগন ব্যতিত) | ২০,০০০ (বিশ হাজার) |

বিধি ৯। নিবন্ধনের মেয়াদ

বিধি ৫ এর উপ-বিধি ১(চ),২(চ),৩(ঘ) ও ৪ অনুসারে প্রদত্ত নিবন্ধন সনদ প্রদানের তারিখ হইতে পরবর্তী ২ বৎসর মেয়াদের জন্য বলবৎ থাকিবে।

১. ডুপ্লিকেট নিবন্ধন ইস্যুর ক্ষেত্রে : কোন কারণে নিবন্ধন সনদ হারাইয়া গেলে অথবা বিনষ্ট হইলে সেই ক্ষেত্রে আবেদনের প্রেক্ষিতে ডুপ্লিকেট নিবন্ধন ইস্যু করা যাইবে। আবেদনের সাথে নির্ধারিত কোডে ১০০০ টাকা অথবা সময় সময় উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে ধার্যকৃত ফি জমাদানের চালানের কপি এবং সংশ্লিষ্ট থানায় সাধারণ ডাইরী (জিডি)'র ফটোকপি দাখিল করিতে হইবে।

২. মেয়াদ উত্তীর্ণ নবায়নের ক্ষেত্রে : মেয়াদ উত্তীর্ণের কমপক্ষে ৬০(ষাট) দিন পূর্বে নবায়নের জন্য আবেদন করিতে হইবে। অন্যথায় মেয়াদ উত্তীর্ণের পর প্রত্যেক মাসের জন্য ১০০০ টাকা, তবে জৈব সার উৎপাদনকারী ক্ষুদ্র উদ্যোক্তার ক্ষেত্রে প্রতি মাস ১০০/- একশত টাকা হারে অথবা সময় সময় উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে বিলম্ব ফি প্রদানসহ পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে নবায়নের জন্য আবেদন করা যাইবে। অন্যথায় নিবন্ধন বাতিল বলিয়া গণ্য হইবে। নির্ধারিত বিলম্ব ফি নির্ধারিত কোড নম্বরে ট্রেজারী চালানের মাধ্যমে নবায়নের আবেদনের সহিত দাখিল করিতে হইবে।

৩. সার আমদানি না করার ক্ষেত্রে : কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান আমদানি নিবন্ধন গ্রহণ বা নবায়ন করার পর নিবন্ধনের/নবায়নের দুই মেয়াদকাল (৪ বছর) সার জাতীয় দ্রব্য আমদানি না করিলে তাহার নিবন্ধন নবায়নযোগ্য হইবে না।

৪. সার উৎপাদন না করার ক্ষেত্রে : কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান উৎপাদন নিবন্ধন গ্রহণ বা নবায়ন করার পর নিবন্ধনের/নবায়নের দুই মেয়াদকাল (৪ বছর) সার জাতীয় দ্রব্য উৎপাদন না করিলে তাহার নিবন্ধন নবায়ন যোগ্য হইবে না।

বিধি ১০। অফিস ও সার ব্যবস্থাপনা স্থানের ঠিকানা পরিবর্তন, নিবন্ধন সনদ হস্তান্তর বা মালিকানা পরিবর্তন ও নিবন্ধনকৃত প্রতিষ্ঠান এর নাম পরিবর্তন: নিবন্ধনকারী কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে পরিবর্তন করা যাইবে।

১: অফিস ও সার ব্যবস্থাপনা স্থানের ঠিকানা পরিবর্তনের ক্ষেত্রে

ক) অফিসের ক্ষেত্রে পরিবর্তিত ঠিকানায় ট্রেড লাইসেন্স, অফিস ঘরের মালিকানার প্রমাণক/ভাড়ার চুক্তিনামা দাখিল সাপেক্ষে,

খ) সার ব্যবস্থাপনা স্থানের ক্ষেত্রে পরিবর্তিত ঠিকানায় ট্রেড লাইসেন্স,গুদাম ঘরের মালিকানার প্রমাণক /ভাড়ার চুক্তিনামা, উৎপাদনের ক্ষেত্রে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটিরশিল্প কর্তৃপক্ষের নিবন্ধন বা বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের নিবন্ধন বা এসএমই' ফাউন্ডেশনের নিবন্ধন (প্রযোজ্য ক্ষেত্রে);ও পরিবেশের ছাড়পত্র দাখিল সাপেক্ষে, ঠিকানা পরিবর্তন অনুমোদিত হইলে তাহা অন্যান্য সকল প্রতিষ্ঠানকে অবহিত করিতে হইবে। ঠিকানা পরিবর্তনের পর পূর্বের ঠিকানা সম্বলিত কাগজপত্র গ্রহণযোগ্য হইবে না ।

২: নিবন্ধন সনদ হস্তান্তর বা মালিকানা পরিবর্তন এর ক্ষেত্রে :

উৎপাদন, আমদানি এবং পরিবেশকের ক্ষেত্রে নিবন্ধন হস্তান্তর করা যাইবে না। তবে প্রযোজ্য শর্ত সাপেক্ষে নিম্নোক্ত ক্ষেত্রে পরিবর্তন করা যাইবে।

ক. নিবন্ধন গ্রহণকারী মালিকের মৃত্যুজনিত কারণে (মৃত্যুর স্বপক্ষে উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়ন দাখিল);

খ. বার্ধক্যজনিত বা শারীরিক অক্ষমতাজনিত কারণে (উপযুক্ত প্রমাণক দাখিল) ;

গ. লিমিটেড প্রতিষ্ঠানের ক্ষেত্রে পরিচালনা কর্তৃপক্ষ পরিবর্তন হইলে (উপযুক্ত প্রমাণক দাখিল) ;

ঘ. প্রোপ্রাইটার প্রতিষ্ঠানের ক্ষেত্রে কর্তৃপক্ষ পরিবর্তন হইলে (উপযুক্ত প্রমাণক দাখিল) ;

ঙ. আর্থিক অসচ্ছলতার কারণে (উপযুক্ত র্কতৃপক্ষ র্কতৃক প্রদানকৃত প্রমাণক দাখিল)

৩: নিবন্ধনকৃত প্রতিষ্ঠান এর নাম পরিবর্তনের ক্ষেত্রে :

ক. একই মালিকানাধীন একাধিক প্রতিষ্ঠান এর ক্ষেত্রে নিবন্ধন সনদের নাম পরিবর্তন আবেদনের মাধ্যমে করা যাইবে;

খ. ভিন্ন মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিবন্ধনকৃত প্রতিষ্ঠান এর নাম পরিবর্তন করিতে হইলে দুইটি প্রতিষ্ঠানের মধ্যে নন-জুডিশিয়াল স্ট্যাম্প (৩০০ টাকা বা সরকার নির্ধারিত হারে)এ চুক্তিপত্রের অনুলিপি জমা দিতে হইবে; এই ক্ষেত্রে নিবন্ধনের জন্য উক্ত প্রতিষ্ঠানের স্বপক্ষে নিবন্ধন সংক্রান্ত সকল প্রমাণাদি দাখিল করিতে হইবে;

৪: (ক) উপবিধি ১, ২, ৩ এর যে কোন পরিবর্তন সম্পাদনের এবং (খ) মূল স্থানের আওতায় একাধিক সার ব্যবস্থাপনা স্থানের প্রতিটির অনুমোদনের ক্ষেত্রে আবেদনের সাথে নির্ধারিত কোডে ১,০০০/- টাকা অথবা সময় সময় উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে ধার্যকৃত ফি জমাদানের চালানের কপি দাখিল করিতে হইবে।

বিধি ১১। সার পরিদর্শক

(ক) সার (ব্যবস্থাপনা) আইন ২০০৬ এর ৯(১) ধারার উদ্দেশ্য পূরণকল্পে

১. কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলার উপপরিচালক কর্তৃক উপজেলা/মেট্রো থানা পর্যায়ের উপজেলা কৃষি অফিসার, মেট্রোপলিটন কৃষি অফিসার, অতিরিক্ত কৃষি অফিসার ও কৃষি সম্প্রসারণ অফিসারগণ সার পরিদর্শক হিসাবে মনোনীত হইবে। মনোনীত সার পরিদর্শক অন্য কাহাকেও প্রতিনিধি হিসাবে সার পরিদর্শকের দায়িত্ব অর্পণ করিতে পারিবে না ।

২. প্রয়োজনে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ের উপপরিচালক হইতে অতিরিক্ত পরিচালক পর্যন্ত মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সার পরিদর্শক মনোনীত হইবে।

৩. অন্যান্য প্রতিষ্ঠান হতে সার পরিদর্শক সরকার মনোনীত করিবে।

(খ) ১. সার পরিদর্শক তাহার কর্ম এলাকায় যেকোন সময় যে কোন সার কারখানা ও প্রক্রিয়াজাতকরণ স্থাপনা, বা সার ব্যবস্থাপনা স্থান, গুদাম বা সার রাখা হয় এরূপ যে কোন স্থান,সার বহনকারী যানবাহন বা সার বিক্রয় বা বিতরণ কেন্দ্র পরিদর্শন করিতে পারিবে;

২.পরিদর্শক যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের সার সংগ্রহ, ক্রয়-বিক্রয় সংক্রান্ত সকল কাগজপত্র এবংনিয়ন্ত্রণাধীন সার পরীক্ষা করার ব্যবস্থা করিতে পারিবে, তৎসংশ্লিষ্ট ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করিতে এবং কোন অনিয়ম বা ত্রুটি লক্ষ্য করিলে প্রচলিত আইন ও বিধি মোতাবেক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে;

৩.পরিদর্শক যদি নিশ্চিত হয় যে সার বা সার জাতীয় দ্রব্য অবৈধভাবে সংগ্রহ করা হইয়াছে,মজুদ বা সংরক্ষণ করা হইয়াছে, বৈধ কাগজপত্র ছাড়াই পরিবহন করা হইতেছে তাহা হইলে সমুদয় সার ও ব্যবস্থাপনা স্থান বা পরিবহনসহ জব্দ করিবে, সংশ্লিষ্ট ব্যক্তিকে সর্বোচ্চ এক লক্ষ টাকা পর্যন্ত/সময় সময় সরকার নির্ধারিত অর্থ জরিমানা করিতে পারিবে;

৪. জরিমানার ক্ষেত্রে অবৈধ সার সংগ্রহকারী, মজুদকারী, পরিবহনকারীর নিকট হইতে যথাযথ প্রক্রিয়ায় কমপক্ষে ৩ (তিন) জন স্বাক্ষীর উপস্থিতিতে মুচলেকা গ্রহণ করিয়া ছাড়িয়া দিতে পারিবে। তবে জব্দ সার সমূহ সংশ্লিষ্ট উপজেলার সার ও বীজ মনিটরিং কমিটির অনুমোদন নিয়া নিলামে বিক্রয় করিয়া বিক্রয়লব্ধ অর্থ সরকারী কোষাগারে জমা দিবে। যদি পরিদর্শক নিশ্চিত হয় যে সংশ্লিষ্ট ব্যক্তি ২য় বারের পর একই ধরনের কার্যক্রমের সাথে লিপ্ত রহিয়াছে তাহা হইলে তাহার বিরুদ্ধে প্রচলিত আইন মোতাবেক মামলা দায়ের করিতে পারিবে, এই ক্ষেত্রে মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত জব্দকৃত সার নিলামে বিক্রয় করা যাইবে না এবং বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করিবে।

৫.পরিদর্শক যদি দেখিতে পায় যে সম্পূর্ন অবৈধভাবে নিবন্ধন ব্যতিরেকে সার বা সার জাতীয় দ্রব্য উৎপাদন করা হইতেছে তাহা হইলে সমুদয় উৎপাদন যন্ত্রপাতি, উপকরণ জব্দ করিয়া তাহার গুদামে সিলগালা করিয়া সংরক্ষণ করিবে;সংশ্লিষ্ট ব্যক্তি বা ব্যক্তিগণকে আইন প্রয়োগকারী সংস্থার হাতে ন্যস্ত করিয়া প্রচলিত আইন ও বিধি অনুযায়ী তাহার বা তাহাদের বিরুদ্ধে মামলা করিবে;

৬.পরিদর্শক এই বিধির আলোকে সার বা সার জাতীয় দ্রব্য বা উহার কাঁচামাল বা সংশ্লিষ্ট অন্যান্য দ্রব্যের নমুনা সংগ্রহ করিয়া উহা পরীক্ষার জন্য প্রতিষ্ঠানটির নিজ খরচে ৩টি সরকারি বিনির্দিষ্ট পরীক্ষাগারে প্রেরণ এবং ক্ষেত্রমত,আইন মোতাবেক উহার উৎপাদন, বিক্রয়, বিপণন বা বিতরণ বন্ধ রাখিবার নির্দেশ দিতে পারিবে;

৭.পরিদর্শক ৩টি সরকার বিনির্দিষ্ট পরীক্ষাগারে প্রেরিত নমুনার কমপক্ষে ২টির ফলাফল না পাওয়া পর্যন্ত/সর্বোচ্চ ১ মাস পর্যন্ত জব্দকৃত কিংবা বিক্রয় বন্ধের আদেশকৃত সার বা সার জাতীয় দ্রব্যের বিষয়ে অপেক্ষা করিতে পারিবে;

৮.পরীক্ষায় প্রাপ্ত ফলাফলের মধ্যে যদি ২টি বিনির্দিষ্ট পরীক্ষাগারের ফলাফলে আবশ্যকীয় পুষ্টি উপাদানের ঘাটতি বা বিনির্দেশ বহির্ভূত/ভেজাল বা ক্ষতিকর পদার্থের উপস্থিতিজনিত ভেজাল হিসেবে গণ্য করা না হয় তাহা হইলে উক্ত সার বিক্রয়,বিপণন বা বিতরণের প্রশাসনিক আদেশ প্রদান করিবে এবং যদি ভেজাল প্রমাণতি হয় তবে সার পরিদর্শক ২ (দুই) লক্ষ টাকা জরিমানাসহ জব্দকৃত উক্ত লটের সমুদয় পণ্য উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির উপস্থিতিতে নির্দিষ্ট পন্থায় ধ্বংস করিবে এবং নিবন্ধন কর্তৃপক্ষকে অবহিত করিবে। এইরুপ অপরাধ তৃতীয়বার করিলে পণ্যটির আমদানি/উৎপাদনকারী প্রতিষ্ঠানটির বিরুদ্ধে প্রচলতি আইন মোতাবেক মামলা দায়ের করিবে।

৯. পরিদর্শক কর্তৃক সার বিষয়ক কোন অনিয়ম বা ত্রুটি সম্পর্কে সংশ্লিষ্ট জেলার উপপরিচালককে প্রতিবেদন প্রেরণ করিবে যাহার অনুলিপি উপজেলা কৃষি অফিসারকে প্রদান করিবে এবং ইহার অনুলিপি উপজেলা কৃষি অফিসে সংরক্ষণ করিবে।

১০. পরিদর্শক যদি নিশ্চিত হয় যে বিসিআইসি নিয়োগকৃত কোন সার ডিলার/বিএডিসি নিয়োগকৃত কোন সার ডিলার বা কোন খুচরা সার বিক্রেতা সরকার কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে সার বিক্রয় করিয়াছে বা নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্য চাওয়া হইলে বা ক্যাশ মেমো ছাড়া সার বিক্রয় করা বা অধিক মূল্যে সার বিক্রয়ের দালিলিক প্রমাণ পাওয়া গেলে সার পরিদর্শক উক্ত বিসিআইসি নিয়োগকৃত সার ডিলার/বিএডিসি নিয়োগকৃত সার ডিলার ও খুচরা বিক্রেতাকে সর্বোচ্চ এক লক্ষ টাকা পর্যন্ত/সময় সময় সরকার নির্ধারিত অর্থ জরিমানা করিতে পারিবে।

বিধি-১২। মামলা দায়ের

সার সংক্রান্ত আইন লংঘনকারীদের বিরুদ্ধে সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ধারা ৯(২) অনুযায়ী পরিদর্শনকালে, পরিদর্শক নিজে আইনের ধারা ৯(৩)(ঙ) মোতাবেক সরকারের পক্ষে মামলা দায়ের করিতে পারিবে।সার পরিদর্শকের কোন প্রতিনিধি তাহার পক্ষে পরিদর্শন এবং মামলা দায়ের করিতে পারিবে না।

বিধি ১৩। সার আমদানি পরিদর্শন কমিটি গঠন

সার(ব্যবস্থাপনা) আইন ২০০৬ এর ধারা ১১(৪) এর অধীনে সরকার সরকারী আদেশ দ্বারা সমুদ্র, স্থল বা বিমান বন্দরে আমদানিকৃত সার বা সার জাতীয় কাঁচামাল ছাড়করণের সময় উহার নমুনা সংগ্রহ ও বিশ্লেষণ ত্বরান্বিত এবং ত্রুটিমুক্ত করিবার উদ্দেশ্যে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে প্রত্যেকটি বন্দরের জন্য একটি করে ‘সার আমদানি পরিদর্শন কমিটি’ গঠিত হইবে যথা :-

| ক্রমিক নং | প্রতিনিধি | কমিটিতে নির্ধারিত পদ |
|---|---|---|
| (১) | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (সংশ্লিষ্ট জেলার) | আহবায়ক |
| (২) | বিসিআইসি’র রসায়নবিদ (এক জন) | সদস্য |
| (৩) | সার পরিদর্শক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (সংশ্লিষ্ট উপজেলার/মেট্রোর এক জন) | সদস্য |
| (৪) | শুল্ক কর্তৃপক্ষের প্রতিনিধি (এক জন) | সদস্য |
| (৫) | পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি (এক জন) | সদস্য |
| (৬) | আমদানিকারকের প্রতিনিধি (এক জন) | সদস্য |
| (৭) | Pre-Shipment Inspection Agency ‘র প্রতিনিধি (এক জন) | সদস্য |

বি:দ্র: কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করিতে পারিবে এবং সংশ্লিষ্ট বন্দর এলাকার সার পরিদর্শক কর্তৃক আমদানিকৃত সার গভীর সমুদ্র/স্থল বন্দর/বিমান বন্দর হইতে সংগ্রহ করিবে।

বিধি ১৪। সার আমদানি পরিদর্শন কমিটির কার্যপরিধি

সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ধারা ১১(৫) এর অধীন সার আমদানি পরিদর্শন কমিটির কার্যপরিধি নিম্নরূপ হইবে, যথা :

(ক) আমদানীকৃত সার বা সার জাতীয় দ্রব্য বা কাঁচামাল বন্দরে পৌঁছিবার পর আমদানিকারক সার পরিদর্শন কমিটির নিকট রিপোর্ট করিলে উক্ত আমদানিকৃত সার বা সার জাতীয় দ্রব্য বা কাঁচামাল বিধিসম্মতভাবে আমদানি করা হইয়াছে কিনা উহা পরীক্ষা-নিরীক্ষা করণ;

(খ) আমদানিকৃত সার বা সার জাতীয় দ্রব্য বা কাঁচামাল সরকার কর্তৃক বিনির্দেশিত কিনা উহা নিশ্চিতকরণ;

(গ) আমদানিকৃত সার বা সার জাতীয় দ্রব্য বা কাঁচামাল এর Guaranteed Analysis এবং ব্যাংক এলসি এর সত্যায়িত কপি প্রদান করা হইয়াছে কিনা উহা পরীক্ষা-নিরীক্ষাকরণ;

ঘ) আমদানিকৃত সার বা সার জাতীয় দ্রব্য বা কাঁচামাল কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর নিবন্ধনকৃত কি না এবং নিবন্ধনের মেয়াদ হালনাগাদ কি না উহা নিশ্চিতকরণ;

ঙ) আমদানীকৃত সার বা সার জাতীয় দ্রব্য বা কাঁচামাল সরকার কর্তৃক বিনির্দেশিত হইলে, আমদানীকারক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত হইলে এবং আমদানিকারক কর্তৃক সার বা সার জাতীয় দ্রব্যের আমদানির পরিমাণ, মূল্য, উৎস সম্বলিত প্রতিবেদন দাখিল করিলে সার আমদানি পরিদর্শণ কমিটির সার পরিদর্শক সদস্য কর্তৃক বিধি মোতাবেক ৪ (চার) টি নমুনা সংগ্রহ করিবেন। কমিটির আহবায়ক সার ছাড়করণের আবেদন প্রাপ্তির পর বিধি মোতাবেক ৪(চার)টি নমুনা সংগ্রহ করিবেন। কমিটির আহবায়ক সার ছাড়করণের আবেদন প্রাপ্তির ৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে উহার মধ্যে ৩টি নমুনা সরকার বিনির্দেশিত ৩ টি ভিন্ন ভিন্ন প্রতিষ্ঠানের ল্যাবরেটরীতে প্রেরণ করিবেন এবং ১টি নমুনা সার আমদানি পরিদর্শন কমিটির আহবায়ক এর অফিসে সংরক্ষিত থাকিবে।

চ) সরকার বিনির্দেশিত ল্যাবরেটরী কর্তৃপক্ষ নমুনা সার প্রাপ্তির ৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে বিশ্লেষিত ফলাফল সার পরিদর্শন কমিটির আহবায়ক এর নিকট প্রেরণ করিবেন;

ছ) তিনটি ল্যাবরেটরীর নমুনা পরীক্ষার ফলাফলের মধ্যে যদি দুইটি পরীক্ষার ফলাফল সরকার কর্তৃক বিনির্দেশের অনুরূপ হয়, তাহা হইলে কমিটি সার ছাড়করণের (নির্ধারিত ফরমে) আদেশ প্রদান করিবেন;

জ) যদি নমুনা পরীক্ষার ফলাফল সরকার কর্তৃক বিনির্দেশ অনুযায়ী সঠিক না থাকে তাহা হইলে আমদানিকৃত সার বাংলাদেশে কোন বন্দরে খালাসের অনুমতি পাইবে না;

ঝ) যদি আমদানিকৃত সার বা সার জাতীয় দ্রব্য বা উহার কাঁচামাল আইন বা এই বিধিমালা কোন বিধান লংঘনক্রমে আমদানি করা হইয়াছে বলিয়া এই কমিটি মনে করে, তাহা হইলে উক্ত সার বা সার জাতীয় দ্রব্য বা উহার কাঁচামাল জাহাজ বা ক্ষেত্রমত, অন্য কোন পরিযান হইতে খালাস বন্ধ রাখিতে হইবে এবং তৎক্ষণাৎ উহা সংশ্লিষ্ট নিবন্ধনকারী কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে। নিবন্ধনকারী কর্তৃপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করিবেন।

(ঞ) সার বা সার জাতীয় দ্রব্য আমদানির পরিমাণ, মূল্য, উৎস সম্বলিত তথ্য প্রতিবেদন সময়ে সময়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা।

বিধি ১৫। নমুনা সার আমদানি

১: যে সকল সার এখনও প্রমিতকরণ হয় নাই সেই সকল সার বা সার জাতীয় দ্রব্যের নমুনা আমদানির ক্ষেত্রে সরকারের পূর্ব অনুমতি গ্রহণ করিতে হইবে।

২: আইনের ধারা ১১(১) এর শর্তাংশের অধীনে নমুনা হিসাবে দানাদার/পাউডার সর্বোচ্চ ২০ কেজি, তরল ১০ লিটার সার আমদানি করা যাইবে;

৩: নমুনা সার আমদানির ক্ষেত্রে প্রস্তুতকারী প্রতিষ্ঠানের পূর্ণাঙ্গ ঠিকানা, ফোন নম্বর ও ইমেইলসহ কর্তৃত্বপত্র (Authorization letter) ও নিশ্চয়তা বিশ্লেষণ (Guaranteed Analysis) রিপোর্ট, উক্তরূপ সার কৃষি পরিবেশের ওপর কোন বিরূপ প্রভাব ফেলিবে না মর্মে রপ্তানিকারক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র, টেকনিক্যাল ইনফরমেশন এবং ম্যাটেরিয়াল সেফটি ডাটা শীট (এমএসডিএস)সহ আমদানির প্রমাণপত্র আবেদন পত্রের সহিত নিবন্ধনকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে;

বিধি ১৬। বিনির্দেশ বহির্ভূত বা পরিবেশ দূষণকারী সার বা সার জাতীয় দ্রব্য বা কাঁচামাল বিনষ্টকরণ

(১) বিনির্দেশ বহির্ভূত অথবা পরিবেশ দূষণকারী সার বা সার জাতীয় দ্রব্য বা উহার কাঁচামাল সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ১৪(৫) ধারা অনুযায়ী উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি কর্তৃক নির্দিষ্ট পন্থায় দখলকৃত আমদানি/ উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিজ খরচে বিনষ্ট করিবে;

(২) উপ-বিধি (১) এ প্রদত্ত বিধান অকার্যকারিতার ক্ষেত্রে আইনের ধারা ১৪(৭) এ নির্দেশিত পন্থায় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

বিধি ১৭। আবশ্যকীয় উদ্ভিদ পুষ্টি উপাদানের ঘাটতি (Essential Plant Nutrient Deficiency)

(১) সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ধারা ১৫(১) এ বর্ণিত কোন সার বা সার জাতীয় দ্রব্য বা কাঁচামাল নিশ্চয়তা বিশ্লেষণের ক্ষেত্রে (Guaranteed Analysis) নির্ধারিত ইনভেস্টিগেশনাল এ্যালাউন্স (Investigational Allowance) দ্বারা উদ্ভিদের এক বা একাধিক আবশ্যকীয় পুষ্টি উপাদানের ঘাটতি নিরুপণ করা হইবে এবং এক পুষ্টি উপাদানের ঘাটতি মেটানোর জন্য বিকল্প হিসাবে অন্য কোন উপাদানের অধিক নিশ্চয়তা (Over Guarantee) গ্রহণযোগ্য হইবে না।

উপ-বিধি (১) এ বর্ণিত ঘাটতির জন্য দায়ী ব্যক্তি সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এ ধারা ১৫(২) মোতাবেক দন্ডিত হইবেন।

বিধি ১৮। সারের বস্তা, আধার বা কন্টেইনারে লেবেল সংযোজন

১.সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ১৩ নং ধারা অনুযায়ী সারের বস্তা, আধার অথবা কন্টেইনারে বিভিন্ন তথ্যাদি সম্বলিত লেবেল সংযোজনের নিমিত্ত আবেদন পত্র দাখিলের সময় নমুনা লেবেল দাখিল করিতে হইবে।

২.লেবেলে সারের মূল (জেনেরিক) নাম এর পাশাপাশি ব্র্যান্ড নাম উল্লেখ করিতে চাহিলে ব্র্যান্ড নাম এর পূর্বে প্রতিষ্ঠান এর নাম সংযোজন করা যাইবে।

৩.লেবেলে মূল প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক উল্লেখিত ব্যাচ/লট নম্বর, উৎপাদনের সময়কাল ও সারের পরিমাণ উল্লেখ করিতে হইবে।

৪.লেবেলে সার বা সার জাতীয় দ্রব্য সংরক্ষণ ও ব্যবহারকালীন সতর্কতা অবলম্বনের বিষয় উল্লেখ করিতে হইবে।

৫.লেবেলে আবশ্যিকভাবে বাজারজাতকারী প্রতিষ্ঠানের প্রধান অফিস, গুদাম/ প্যাকিং হাউজ/কারখানার পূর্ণাঙ্গ ঠিকানা, কমপক্ষে প্রধান অফিস ও গুদাম/কারখানার মোবাইল ফোন নম্বর থাকিতে হইবে।

বিধি ১৯। সার বা সার জাতীয় দ্রব্যে রাসায়নিক দূষকের মাত্রা

সার বা সার জাতীয় দ্রব্য বা কাঁচামালে রাসায়নিক দূষকের সর্বোচ্চ গ্রহণযোগ্য মাত্রা তফসিল-১ এর অংশ-ক অনুযায়ী এবং আবশ্যকীয় উদ্ভিদ পুষ্টি  উপাদানের ঘাটতি তফসিল-১ এর অংশ-খ অনুযায়ী নির্ধারিত হইবে।

বিধি ২০। সরকার সময় সময় প্রজ্ঞাপন জারীর মাধ্যমে এই বিধিমালার পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন, সংশোধন, অব্যাহতি প্রদান ও সংযোজন করিতে পারিবে।

বিধি ২১। সরল বিশ্বাসে কৃত কাজকর্ম রক্ষণ

সার (ব্যবস্থাপনা)  বিধিমালা- ২০২৩ বা এই বিধিমালার অধীনে সরল বিশ্বাসে কৃত কর্মের ফলে কোন ব্যাক্তি সংক্ষুব্ধ হইলে বা সংক্ষুব্ধ হইবার সম্ভাবনা থাকিলে তাহার জন্য সার বিষয়ক কারিগরী উপকমিটি, সরেজমিন উইং, ডিএই এর কর্মকর্তা বা  কোন ব্যাক্তি বা সরকারের বিরুদ্ধে কোনও দেওয়ানি বা ফৌজদারী মামলা বা অন্য কোন আইনগত কার্যক্রম গ্রহণ করা যাইবে না।

বিধি ২২। রহিতকরণ ও হেফাজত

(১) সার (ব্যবস্থাপনা) বিধিমালা ২০০৭ ও সার (ব্যবস্থাপনা) (সংশোধন) বিধিমালা ২০১৫ এতদ্বারা রহিত করা হইল;

(২) উপ-বিধি (১) এর অধীন রহিত হওয়া সত্বেও উক্ত বিধিমালা সমূহের অধীন

(ক) কৃত সকল কার্যক্রম বা গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) কোন কার্য অনিষ্পন্ন বা চলমান থাকিলে উহা এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন উক্ত বিধিমালাসমূহ রহিত হয় নাই;

(গ) গৃহীত কোনও ব্যবস্থা বা সূচিত কোন কার্যধারা বা দায়েরকৃত কোন মামলা অনিষ্পন্ন বা চলমান থাকিলে এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন উহা এই বিধির অধীন গৃহীত, সূচিত বা দায়ের করা হইয়াছে।

তফসিল -১

অংশ-ক

[ বিধি-১৯ দ্রষ্টব্য ]

রাসায়নিক সার বা সার জাতীয় দ্রব্য বা  কাঁচামালে  ভারী ধাতুর (Heavy Metal) সর্বোচ্চ গ্রহণযোগ্য (Allowable) মাত্রা

| ক্র.নং | দূষণ উপাদানের নাম | সর্বোচ্চ গ্রহণযোগ্য (Allowable) মাত্রা |
|---|---|---|
